

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৫৯৪

খোয়াই, ২৪ অক্টোবর, ২০২৪

**ভারত সরকারের লক্ষ্য দেশের উত্তর পূর্বাঞ্চলের
সামগ্রিক বিকাশ : কেন্দ্রীয় জাতীয় সড়ক প্রতিমন্ত্রী**

উত্তর পূর্বাঞ্চলের যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে ভারত সরকার বহুমুখী পরিকল্পনা নিয়ে কাজ করছে। ভারত সরকারের লক্ষ্য দেশের উত্তর পূর্বাঞ্চলের সামগ্রিক বিকাশ। যোগাযোগ ব্যবস্থার উন্নতি হলে পরিকাঠামোর উন্নয়ন দ্রুত হয়। আজ খোয়াই জেলাশাসক কার্যালয়ের কনফারেন্স হলে এক পর্যালোচনা সভায় কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও জাতীয় সড়ক প্রতিমন্ত্রী অজয় টামটা একথা বলেন। পর্যালোচনা সভায় কেন্দ্রীয় প্রতিমন্ত্রী বলেন, ত্রিপুরা সহ উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের মধ্য দিয়ে জনগণের আর্থসামাজিক মান উন্নয়নকে তুরাগ্রিত করা হচ্ছে। এই অঞ্চলের জনগণকে স্বনির্ভর করতে স্বসহায়ক দলের মাধ্যমে রোজগার সৃষ্টির উপর গুরুত্ব দেওয়া হয়েছে। পাশাপাশি এই অঞ্চলের ঐতিহ্যময় কৃষ্ণ, সংস্কৃতি ও পরম্পরাকে তুলে ধরার উপর গুরুত্ব দেওয়া হয়েছে। পর্যালোচনা সভায় জেলাশাসক চাঁদনী চন্দ্রন পাওয়ারপ্যেন্ট প্রেজেন্টেশানের মাধ্যমে খোয়াই জেলায় এমজিএন রেগায়, কৃষি, উদ্যান, মৎস্য, প্রাণীসম্পদ বিকাশ, সড়ক যোগাযোগ, জল জীবন মিশন, শিক্ষা ও স্বাস্থ্যক্ষেত্রের উন্নয়ন কর্মসূচির চিত্র তুলে ধরেন।

পর্যালোচনা সভায় উপস্থিত ছিলেন এনএইচআইডিসিএল'র কার্যনির্বাহী অধিকর্তা অজয় বিষ্ণুই, অতিরিক্ত জেলাশাসক সুমিত কুমার পাড়ে, অতিরিক্ত জেলাশাসক অভিজিৎ চক্রবর্তী, খোয়াই মহকুমার মহকুমা শাসক চারু ভার্মা, তেলিয়ামুড়া মহকুমার মহকুমা শাসক পরিমল মজুমদার এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। পর্যালোচনা সভার পর কেন্দ্রীয় জাতীয় সড়ক প্রতিমন্ত্রী অজয় টামটা পদ্মবিল রাফের কনফারেন্স হল, পদ্মবিল রাফ প্রাঙ্গণে স্বসহায়ক দলের প্রদর্শনী স্টল ও পদ্মবিল বাজার সংলগ্ন ক্ষিরোদননগর ভিলেজে পাবলিক লাইব্রেরীর উদ্বোধন করেন। কেন্দ্রীয় সড়ক পরিবহণ প্রতিমন্ত্রী এদিন খোয়াই জেলায় বিভিন্ন সড়ক পরিদর্শন করেন। পরিদর্শনের সময় উপস্থিত ছিলেন বিধায়ক রঞ্জিত দেববর্মা, খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশিস নাথশর্মা, জেলাশাসক চাঁদনী চন্দ্রন প্রমুখ।
